অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

'মা প্রকৃতি পুনরুদ্ধার' পরিবেশগত অঙ্গীকার আইন বাস্তবায়নের পরিকল্পনা করার উদ্দেশ্যে গভর্নর কুউমো হাডসন ভ্যালি আঞ্চলিক গোলটেবিল বৈঠকের ঘোষণা করলেন

জাতি-নেতৃস্থানীয় বন্যা প্রশমন এবং বাসস্থান পুনরুদ্ধার উদ্যোগের অংশ হিসেবে ঐতিহাসিক 33 বিলিয়ন মার্কিন ডলার, জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার পাঁচ বছরের অঙ্গীকার

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ আঞ্চলিক গোলটেবিল বৈঠক মালার দ্বিতীয়টির ঘোষণা করেছেন যেটি হাডসন ভ্যালিতে অনুষ্ঠিত হয়েছে, যেখানে প্রস্তাবিত 3 বিলিয়ন মার্কিন ডলারের "মা প্রকৃতি পুনরুদ্ধার" (Restore Mother Nature)-এর পরিবেশগত অঙ্গীকার আইনের ভবিষ্যৎ বাস্তবায়নে সহায়তা করার উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেটের সংস্থাগুলো স্থানীয় অংশীদারদের সাথে বৈঠক করবে। গোলটেবিল বৈঠকটি লুইস্টিনের নায়াগারা পাওয়ার ভিস্তা (Niagara Power Vista)-এ অনুষ্ঠিত হয়েছিল এবং ভবিষ্যৎ প্রকল্পগুলো যাতে স্থানীয় অগ্রাধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ হয় তা রক্ষার উদ্দেশ্যে অংশীদার এবং মিউনিসিপ্যালটিগুলোকে যুক্ত করেছিল। নিউ ইয়র্ক স্টেট জুড়ে আরও গোলটেবিলের অনুসূচী হচ্ছে।

"স্টেটের প্রতিটি কোণের মত, ওয়েস্টার্ন নিউ ইয়র্কও সাম্প্রতিক বছরগুলোতে হওয়া হিংস্র আবহাওয়ায় প্রভাবিত হয়েছে - এবং সেজন্যেই অনেক বেশি দেরী হয়ে যাবার পূর্বেই আমাদেরকে পদক্ষেপ গ্রহন করতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তন মোকাবেলায় দেশের মধ্যে সবচেয়ে তীব্র আগ্রাসী পদক্ষেপ হাতে নিয়েছে এবং সেই প্রচেষ্টার একটি অত্যন্ত গুরুত্বপুর্ণ অংশ হচ্ছে পরিবেশগত অঙ্গীকার আইন, যেটি আমাদেরকে বন্যা থেকে বাসস্থান পুনরুদ্ধারে এবং কমিউনিটিকে রক্ষা করতে সমর্থ করবে।"

গভর্নর কুউমোর 2020 সালের স্টেট অফ দ্যা স্টেট বক্তব্যে প্রকাশিত, "মা প্রকৃতি পুনরুদ্ধার" পরিবেশগত অঙ্গীকার আইন, ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের জলজ সম্পদ ও মাছ এবং বন্যপ্রাণী বাসস্থান রক্ষার উদ্দেশ্যে একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের রূপরেখা দেয়। এই নতুন উদ্যোগের মাধ্যমে অর্থায়ন হতে পারে এমন ধরণের প্রকল্পগুলোর উদাহরণের মধ্যে রয়েছে:

- বিনোদনমূলক সুযোগ দিতে জমি অধিগ্রহণ, কমিউনিটিগুলোকে বন্যা থেকে রক্ষা করা, পানীয় জলের উৎসের সুরক্ষা।

- দূষিত এবং পরিপোষক পদার্থ বিশোধনে "প্রকৃতিকে কাজে লাগাতে" স্বাদু পানি এবং জোয়ার ভাটা সক্রিয় থাকে এমন জলাভূমি পুনরুদ্ধার।
- জলাশয়কে পরিপোষক পদার্থের ক্ষয় হওয়া ও অধঃক্ষেপণ এবং ক্ষতিকর জলজ উদ্ভিদে ছেয়ে যাওয়া (HABs) থেকে রক্ষা করতে রিপারিয়ান বাফার।
- নিউ ইয়র্ককে বিনোদনমূলক মাছ ধরার শীর্ষ স্টেট হিসেবে উন্নীত করতে মৎস্য হ্যাচারিতে বিনিয়োগ এবং জনগণের প্রবেশাধিকার রয়েছে এমন স্থানগুলোর উন্নতি।
- সম্পত্তির স্বতঃপ্রবৃত্ত ক্রয়, কালভার্ট ও সেতুরু উপযুক্ত আকার প্রদান, অচল ও বিপজ্জনক বাঁধ অপসারণ, এবং পরিবেশবান্ধব অবকাঠামো প্রকল্প সহ স্থিতিস্থাপকতা জোরদারের ব্যবস্থা।

গোলটেবিল চলাকালে, পরিবেশ সংরক্ষণ দপ্তর (Department of Environmental Conservation), পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ কার্যালয় (Office of Parks, Recreation, and Historic Preservation), কৃষি ও বাজার দপ্তর (Department of Agriculture and Markets), স্টেট ডিপার্টমেন্ট (Department of State), নিউ ইয়র্ক স্টেটের বিদ্যুৎ গবেষণা এবং উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority) এবং অন্যান্যরা সহ নিউইয়র্ক স্টেট এজেন্সিগুলো কমিউনিটি এবং অংশীদারদেরকে বন্যার ঝুঁকি হ্রাস করে এবং বাসস্থান পুনরুদ্ধারকে ত্বরান্বিত করে এমন সম্ভাব্য প্রকল্পগুলো শনাক্ত করতে একটি স্বচ্ছ প্রক্রিয়াতে জড়িত করবে।

পার্কস এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "গভর্নর অ্যান্ড্রু কুওমো মানবসৃষ্ট জলবায়ু পরিবর্তনের বাস্তবতাকে সমর্থন করা গুরুত্বপূর্ণ বিজ্ঞানসম্মত ঐকমত্যেকে স্বীকার করেন। তাঁর মা প্রকৃতি পুনরুদ্ধার অঙ্গীকার আইন পুরো স্টেট জুড়ে এই স্বীকৃতিকে দৃঢ় পদক্ষেপে পরিণত করবে, যা আমাদের নাগরিক, আমাদের পার্ক সুবিধা এবং আমাদের প্রাকৃতিক সম্পদকে সবচেয়ে ধ্বংসাত্মক দিক থেকে রক্ষা করবে।"

সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিক্যাল স্টর্ম লি এর মত সাম্প্রতিক ঝড়গুলো জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগপূর্ণ আবহাওয়ার প্রভাবের প্রতিকূলে কমিউনিটিগুলোর স্থিতিস্থাপকতার প্রতি সমর্থন এবং উৎসাহ প্রদান জোরদার করার প্রয়োজনীয়তার সুস্পষ্ট প্রমাণ প্রদান করেছে। 2011 সাল থেকে, নিউ ইয়র্কের প্রতিটি কাউন্টি অন্তত দুইটি আবহাওয়া সংক্রান্ত দুর্যোগ ঘোষণার অভিজ্ঞতারএবং অর্ধেকের বেশি কাউন্টি পাঁচ বা তার চেয়ে বেশি সংখ্যক বার বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। ফেডারেল এবং স্টেট সরকার এই বিপর্যয়গুলোর প্রতিক্রিয়া হিসাবে 26 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ব্যয় করেছে এবং বিজ্ঞানীরা অনুমান করছেন যে পরের দশকে নিউ ইয়র্কে বন্যার ফলে 50 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ক্ষতি হবে। পরিবেশ পুনরুদ্ধারে বিনিয়োগ নিউ ইয়র্কের অব্যাহত অর্থনৈতিক সাফল্যের জন্য অপরিহার্য। স্টেটের প্লাবনভূমি এবং বনাঞ্চলসমূহ হচ্ছে অপরিহার্য প্রাকৃতিক প্রতিবন্ধকতা, যা প্রথম প্রতিরক্ষা রেখা প্রদান করে কমিউনিটিগুলোর উপর থাকা বর্ধিত বন্যা এবং আরো তীব্র ঝড়ের ঝুঁকি হ্রাস করে এবং সেই সাথে মাছ ও বন্যপ্রাণীর প্রজাতি টিকিয়ে রাখার জন্য প্রয়োজনীয় অত্যাবশ্যক বাসস্থানের যোগান দেয়।

নিউ ইয়র্কের সর্বশেষ এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট (পরিবেশগত চুক্তি আইন) প্রায় এক প্রজন্ম পূর্বে 1996 সালে পাস হয়েছিল। এই পদক্ষেপ বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মের জন্য স্টেটের পানি সম্পদ ও মাছ এবং বন্যপ্রাণীর আবাসস্থল রক্ষায় গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোর জন্য নিরাপদ অর্থায়নে সহায়তা করবে।

অধিকন্তু, গভর্নর কুওমো পর পর চতুর্থ বছরে পরিবেশ সংরক্ষণ তহবিলে রেকর্ড পরিমাণ সর্বোচ্চ 300 মিলিয়ন মার্কিন ডলার বজার রাখার প্রস্তাব দিয়েছেন। এতে রয়েছে কঠিন বর্জ্য কর্মসূচিতে 38 মিলিয়ন মার্কিন ডলার, পার্ক ও বিনোদনে 89 মিলিয়ন মার্কিন ডলার, খোলা স্থানের কর্মসূচিতে 152 মিলিয়ন মার্কিন ডলার এবং জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন কর্মসূচিতে 20 মিলিয়ন মার্কিন ডলার। তিনি পরিচ্ছন্ন পানির পরিকাঠামোর জন্য অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাব দিয়েছেন, যা নিউ ইয়র্কের সকল বসবাসকারীকে বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করতে স্টেটের অভূতপূর্ব 3.5 বিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতির একটি অংশ।

সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "বাফেলো ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অর্থনৈতিক ভবিষ্যৎ আমাদের জলপথ ও প্রাকৃতিক পরিবেশের সুস্থতা এবং মঙ্গলের সাথে অবিচ্ছিন্নভাবে বাঁধা। গভর্নরের প্রস্তাবিত 3 বিলিয়ন মার্কিন ডলারের 'মা প্রকৃতি পুনরুদ্ধার' পরিবেশগত অঙ্গীকার আইন আমাদের প্রাকৃতিক সম্পদ রক্ষার্থে একটি বিশাল পদক্ষেপ, যা আগত প্রজন্মের জন্য আমাদের অঞ্চলের অর্থনৈতিক ও পরিবেশগত উদ্দীপনা নিশ্চিত করবে।"

সাংসদ সিন রায়ান বলেন, "আমরা জানি নিউ ইয়র্ক স্টেটের দেশের মধ্যে অন্যতম সেরা কয়েকটি পরিবেশগত সম্পদ রয়েছে এবং সকল নিউ ইয়র্কবাসীরই রয়েছে বিশ্বমানের উন্মুক্ত স্থান এবং স্বচ্ছ বায়ু এবং পানি পাবার অধিকার। জনস্বাস্থ্য রক্ষা এবং আমাদের সন্তানদের উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিতে সহায়তা করতে মা প্রকৃতি পুনরুদ্ধার পরিবেশগত অঙ্গীকার আইন একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন